

নম্বর-২০.০০.০০০০.৩০৫.৩২.১৬৩.০৬. ৫৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩০
১৫ ফেব্রুয়ারি ২০২৪


অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আলাল উদ্দিন, অফিস সহায়ক, পরিকল্পনা বিভাগ এর বিরুদ্ধে বিজ্ঞ যুগ্ম দায়রা জজ, ২য় আদালত (সিআর মামলা নং ৬৫/২০, দায়রা নং ৪৬৪/২১ (নগরকান্দা) (ধারা-দি নিগোসিয়েবল ইনস্ট্রুমেন্টস অ্যাক্ট, ১৯৮১ এর ১৩৮) ফরিদপুর ০১ (এক) বছরের বিনাশ্রম কারাদন্ড এবং ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা জরিমানা সাজা প্রদান করেন। পরবর্তীতে সিএমএম কোর্ট প্রসেস নং-৫৮/২২, তারিখ: ২৩/০৫/২০২২ মূলে গত ৩০/০৫/২০২২ তারিখ সন্ধ্যায় কৃষি বিশ্ববিদ্যালয় সেকেন্ড গেইট এলাকা থেকে শেরে বাংলা নগর থানার ওয়ারেন্টমূলে পুলিশ তাকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করে। এহেন কার্যকলাপ সরকারি চাকরি আইন, ২০১৮ এর পরিপন্থী হওয়ায় এবং ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে সাজা ভোগ করায় তাকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) অনুযায়ী চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় এবং আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হওয়ায় “সরকারি চাকরি আইন-২০১৮ এর ধারা-৪২(২)(গ) মোতাবেক নিম্নতর বেতন গ্রেডে অবনমিতকরণ সূচক-দণ্ড প্রদান করা হয় এবং

০২। যেহেতু, সিনিয়র দায়রা জজ আদালত, ফরিদপুর, ক্রিমিনাল আপীল মামলা নং-৫১২/২০২৩, তারিখঃ ৩১/১০/২০২৩, আদেশ নং-০৪ এর আদেশে নিম্ন আদালতের দায়রা ৪৬৪/২০২১ (নগরকান্দা সি. আর ৬৫/২০২০) নং মামলার বিগত ০৩/০১/২০২২ খ্রি: তারিখের রায় ও দণ্ডদেশ বাতিলক্রমে তাকে দি নিগোসিয়েবল ইনস্ট্রুমেন্টস অ্যাক্ট, ১৯৮১ এর ১৩৮ ধারার অভিযোগ হতে খালাস প্রদান করেন;

০৩। সেহেতু, পরিকল্পনা বিভাগের সাময়িক বরখাস্তকৃত অফিস সহায়ক মো: আলাল উদ্দিন-কে “সরকারি চাকরি আইন, ২০১৮” এর ৩৯(৩) অনুযায়ী সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহাল এবং ৪২(৫)(খ) অনুযায়ী তার উপর আরোপিত দণ্ড প্রত্যাহার করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(সামিহা ফেরদৌসী)
উপসচিব
ফোন: ৯১৮০৭৫০

নম্বর-২০.০০.০০০০.৩০৫.৩২.১৬৩.০৬. ৫৪ (০৮)

তারিখ: ০২ ফাল্গুন ১৪৩০
১৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সিনিয়র সহকারী সচিব, সাধারণ অধিশাখা-১, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. জনাব মো: আলাল উদ্দিন, অফিস সহায়ক, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি।


(সামিহা ফেরদৌসী)
উপসচিব